# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ মৃত্যু, জানাযা, দুআ, যিকর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. কবর যিয়ারতের ফযীলত

কবর যিয়ারত করা একটি সুন্নাত নির্দেশিত নফল ইবাদত। রাসূলুল্লাহ (ﷺ) নিজে মাঝে মাঝে কবর যিয়ারত করতেন। এছাড়া তিনি আখেরাতের স্মরণ, মৃত্যুর স্মরণ ও মৃতব্যক্তির সালাম ও দোয়ার জন্য কবর যিয়ারত করতে উম্মাতকে অনুমতি ও উৎসাহ দিয়েছেন।[1]

এ সাধারণ সাওয়াব ছাড়া যিয়ারতের বিশেষ সাওয়াবের বিষয়ে কিছু জাল হাদীস প্রচলিত আছে। যেমন: ‘‘যদি কোনো ব্যক্তি তার পিতা, মাতা, ফুফু, খালা বা কোনো আত্মীয়ের কবর যিয়ারত করে তবে তার জন্য একটি মাবরূর হজ্জের সাওয়াব লিখা হবে....।’’[2]

## ফুটনোট

[1] বুখারী, আস-সহীহ ১/৪৩০; মুসলিম, আস-সহীহ ১/২১৮, ২/৬৬৯-৬৭২, ৩/১৫৬৩।

[2] ইবনুল জাওযী, আল-মাউদূ‘আত ২/৪১৩-৪১৪; সুয়ূতী, আল-লাআলী ২/৪৪০; ইবনু আর্রাক, তানযীহ ২/৩৬৩; শাওকানী, আল-ফাওয়াইদ ১/৩৪৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4975

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন